ছন্দে

বিজয় হাজারে ট্রফিতে সোমবার উত্তরপ্রদেশের বিরুদ্ধে পাঁচ উইকেট নিলেন কেরলের শান্তাকুমারণ শ্রীসান্ত।

শুভেচ্ছা

বিবাহবার্ষিকী

☺ সুকান্ত- সুদীপা : তোমাদের ২৫তম বিবাহবার্ষিকীতে জানাই অনেক শুভেচ্ছা। ভালো থেকো।- **দাদা, দিদি ও বোনেরা।**

ইনজুরি টাইমে মান বাঁচালেন প্রীতম ■ নজর কালকের মুম্বই ম্যাচে

অপেক্ষা বাড়ল কৃষ্ণাদের

হায়দরাবাদ এফসি-২
(সান্তানা-৮ মি. ও রোলান্ড-৭৪ মি.)
এটিকে মোহনবাগান-২
(মনবীর-৫৭ মি. ও প্রীতম-৯৩ মি.)

সুস্মিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, ২২ ফেব্রুয়ারি : শেষ পর্বে এসে সমর্থকদের রক্তচাপ বাড়িয়ে ম্যাচ বের করা সম্ভবত অভ্যাসে পরিণত করে ফেলেছে এটিকে মোহনবাগান। নাহলে যে ম্যাচ রয় কৃষ্ণারা ১০ জনের হায়দরাবাদ এফসি-র কাছে হেরেই গিয়েছে বলে মনে করা হচ্ছিল, সেটাই ৯২ মিনিটে ২-২ করে মুম্বই সিটি এফসি-র উপর চাপ রেখে দিল তারা। কিন্তু এএফসি চ্যাম্পিয়ন্স লিগের দরজা এদিনও খোলা হল না মেরিনার্সদের।

ইনজুরি টাইমে জয়েশ রানের তোলা বল প্রীতম কোটাল ভিড়ের মধ্যে থেকে জালে ঠেলে স্বস্তি দিলেন সমর্থকদের। গোল অফসাইড থেকে হয়েছে কিনা তা নিয়ে বিতর্ক আছে। তবে তার আগে প্রচুর নাটকীয় উপাদান ছিল এদিন। আত্মবিশ্বাস এবং আত্মতুষ্টির মধ্যে পার্থক্য কোথায়, সম্ভবত তার সেরা নিদর্শন হতে পারে এদিনের ম্যাচ। মাত্র ৫ মিনিটের মাথায় রয় কৃষ্ণাকে অবৈধভাবে আটকে লাল কার্ড দেখেন চিংলেনসানা সিং। কৃষ্ণারা এরপর হায়দরাবাদের তরুণদের ছিঁড়ে খেয়ে ফেলবে বলে যখন মনে করা হচ্ছিল তখন এক অদ্ভুত আলসেমি দেখিয়ে গোল খাওয়ালেন প্রীতম ও তিরি। প্রীতম বল তিরির উদ্দেশ্যে রাখলেন বেশ হেলাফেলা করে। সেটা তখন ধরতে কেন এত অনীহা হল তিরির সেটাও এক প্রশ্ন। সম্ভবত ১০ জন হয়ে যাওয়ায় আরিদানে সান্তানার মতো চতুর স্ট্রাইকারকেও ধর্তব্যের মধ্যে আনেননি তিনি। পিছন থেকে নিঃশব্দে উঠে এসে গোলে যখন বল ঠেলে দিলেন তিনি তখন সন্দেশ ঝিংগান, শুভাশিস বসু এবং গোলরক্ষক অরিন্দম ভট্টাচার্য বহু চেষ্টা করেও তাঁর নাগাল পেলেন না।

এরপরেও কিন্তু বেশ কয়েকবার তিরিকে ভুল করতে দেখা গেল। তাঁর সৌভাগ্য, লিস্টন কোলাসো এখনও সান্তানা হয়ে উঠতে পারেননি। পারলে হায়দরাবাদ কোচের পরিকল্পনা প্রথমার্ধেই পুরোপুরি খেটে যেত। ২-০ হয়ে গেলে তিনি নিশ্চিতভাবেই বিরতির পর আরও দুইজন ডিফেন্ডার নামিয়ে দিয়ে নড়ার জায়গা আর দিতেন না কৃষ্ণা-ডেভিড উইলিয়ামস জুটিকে। কিন্তু সেটা না হওয়াতেই ৫৭ মিনিটে ১-১ মনবীর সিংয়ের। উইলিয়ামসের গ্রু ধরে দ্বিতীয় পোস্টে অত্যন্ত দুরূহ কোণ থেকে তিনি গোলটা করলেন।

এমনিতেই কলকাতা ময়দানের চালু কথা, ডার্বির পরের ম্যাচটায় নড়বড়ে থাকে বিজয়ী দল। সেই ধারাই যেন এদিন দেখা গেল সবুজ-মেরুন জার্সিধারীদের মধ্যে। ডার্বির সেই ধারই নেই। শুরুর কিছুক্ষণ ছাড়া কৃষ্ণাও ঘুমিয়ে থাকলেন। আন্তোনিও লোপেজ হাবাস ঠিক বলেছিলেন, ডার্বি খেলতে নামার জন্য তাতিয়ে তুলতে হয় না ফুটবলারদের। কিন্তু হায়দরাবাদের বিরুদ্ধে প্রীতমরা নামলেন পাহাড় প্রমাণ স্নায়ুর চাপ নিয়ে। একদিকে, এএফসি চ্যাম্পিয়ন্স লিগের ঐতিহাসিক ডাক। অন্যদিকে, মুম্বই সিটির বিরুদ্ধে ব্যবধান ধরে রাখার চাপ। এছাড়াও মাত্র ৭২ ঘণ্টার মধ্যে এরকম তারুণ্য নির্ভর একটা দলের মোকাবিলা করা খুব সহজ কথা নয়। ৮৬ এবং সংযুক্ত সময় ১০ জনে খেলে নিজামের শহরকে গর্বিত করলেন হোলিচরণ নার্জারি-আকাশ মিশ্র-নিখিল পূজারিরা। এতসব ঝকমারির মধ্যে দুঃসংবাদ, শুভাশিস প্রতিযোগিতায় নিজের চার নম্বর হলুদ কার্ড দেখে মুম্বই ম্যাচে নেই। চোট পেলেন সন্দেশও। তিনি উঠতেই ৭৪ মিনিটে ২-১ রোলান্ড আলবার্গের। এখানেও আরিদানের দুরন্ত হেডের অবদান। এবং যথারীতি বাগান ডিফেন্স হাট করে খোলা।

৫ মিনিটে ফাঁকায় গোল করতে পারতেন কৃষ্ণা। যাঁকে আটকে লাল কার্ড চিংলেনসানার। এরপরেও দুই-একবার সুযোগ পেলেন কৃষ্ণা বা উইলিয়ামস। কিন্তু এদিন সেভাবে ভাগ্যও সঙ্গ দেয়নি তাঁদের। এদিন চোটের জন্য মার্সেলিনহো লেইতে পেরেরার না থাকাটা হায়দরাবাদ ডিফেন্সকে সুবিধা করে দেয়। না আক্রমণ, না সেট পিস কিছুতেই জাভি হার্নান্ডেজ কাজে লাগালেন না। ওড়িশা এফসি-র বিরুদ্ধে মুম্বই জিতলে শেষ ম্যাচে তাদের বিরুদ্ধে জিততেই হবে বাগানকে। নাহলে এবারও খুলবে না চ্যাম্পিয়ন্স লিগের দরজা। ২৮ পয়েন্ট নিয়ে প্লে-অফের অপেক্ষায় থাকল হায়দরাবাদও।

হায়দরাবাদ এফসি ঃ কাট্টিমনি, পূজারি, ওডেই, চিংলেনসানা, আকাশ, জোয়েল (সাহিল), জোয়াও, সাস্ত্রে (টাভোরা), লিস্টন (রোলান্ড), সান্তানা (সানডাজা) ও হোলিচরণ (ইয়াসের)।

এটিকে মোহনবাগান ঃ অরিন্দম, প্রীতম, তিরি (প্রণয়), সন্দেশ (প্রবীর), শুভাশিস, মনবীর, লেনি (জয়েশ), ম্যাকহিউ, জাভি (থাটাল), উইলিয়ামস ও কৃষ্ণা।

কেন গুরুত্বপূর্ণ এএফসি চ্যাম্পিয়ন্স লিগ

- এএফসি চ্যাম্পিয়ন্স লিগ হল এশিয়ান স্তরে সর্বোচ্চ ক্লাব টুর্নামেন্ট, উয়েফা চ্যাম্পিয়ন্স লিগের মতোই।
- গত মরশুমের আগে পর্যন্ত ভারতের কোনও দল খেলার সুযোগ পেত না।
- শেষ আইএসএলে গ্রুপ লিগের শীর্ষে থেকে ভারতের প্রথম দল হিসেবে এফসি গোয়া মূলপর্বে উঠেছিল।

অঙ্কের খাতায়

- বুধবার ওড়িশা এফসি-র বিরুদ্ধে মুম্বই সিটি এফসি পয়েন্ট নষ্ট করলেই মূলপর্বে এটিকে মোহনবাগান।
- মুম্বই সিটি এফসি জিতলে শেষ ম্যাচে এটিকে মোহনবাগানকে ড্র করতেই হবে।
- দুই দল সমান পয়েন্টে শেষ করলে মুখোমুখি সাক্ষাৎকারে এগিয়ে থাকায় মুম্বই মূলপর্বের টিকিট পাবে।

চেন্নাই ম্যাচ নিয়ে মুখিয়ে পেড্রো

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২২ ফেব্রুয়ারি : নতুন দল মহমেডানের জার্সিতে অভিষেক খুব একটা ভালো হয়নি। পুরোনো ক্লাব চেন্নাই সিটি এফসি-র বিরুদ্ধে ভালো কিছু করতে মরিয়া পেড্রো মানজি। পাশাপাশি নিজেকে প্রমাণ করার চাপ রয়েছে নতুন কোচ শংকরলাল চক্রবর্তীর ওপরেও।

মঙ্গলবার চেন্নাইয়ের মুখোমুখি হওয়ার আগে অবশ্য বেশ ব্যাকফুটে মহমেডান। পরপর দুই ম্যাচে হেরেছে আই লিগে বাংলার একমাত্র প্রতিনিধি। হারের ধাক্কায় কোচ হোসে হেভিয়াকে ছেঁটে ফেলে টিডি শংকরলালকে বাকি মরশুমের জন্য দলের দায়িত্ব দেওয়া হয়েছে।

দাদাভাইয়ে ফ্লাডলাইট

শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : দাদাভাই স্পোর্টিং ক্লাবে ৬টি ফ্লাডলাইটের উদ্বোধন করলেন পুরনিগমের প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান অশোক ভট্টাচার্য। তিনি বলেছেন, 'পুরনিগম থেকেই দাদাভাইয়ের ক্রিকেট কোচিং সেন্টারের খেলোয়াড়দের রাতে অনুশীলনের জন্য এই উপহার দেওয়া হল।' দাদাভাইয়ের সচিব বাবুল পালচৌধুরী বলেছেন, 'ফ্লাডলাইট দেওয়ার জন্য অশোক ভট্টাচার্যকে ধন্যবাদ। আমাদের ক্রিকেট কোচিং সেন্টারে ১০৫ জন ছেলেমেয়ে রয়েছে।'

টেন্ডার নোটিশ

'সেন্ট্রাল ব্যাংক অফ ইন্ডিয়া, ক্ষেত্রীয় কার্যালয়, জলপাইগুড়ির ভবনসংবলিত জমির পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য কাজ।' টেন্ডার সম্পর্কে বিশদে জানতে অনুগ্রহ করে ব্যাংকের ওয়েবসাইট দেখুন : www.centralbankofindia.co.in

বিজ্ঞাপন

ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়িনী হলেন বর্ধমানের এক যুবতী

পশ্চিমবঙ্গ, বর্ধমানের এক যুবতী বিশাখা গোয়েঙ্কা - কে 03.01.2021 তারিখের ড্র তে 85H 05980 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। আনন্দে আত্মহারা বিশাখা বলেন " এত অল্প বয়সে কোটিপতি হওয়া কোন সহজ ব্যাপার নয়। আমি বিভিন্ন মিডিয়ার মাধ্যমে বহু লোককে ডিয়ার সাপ্তাহিক লটারিতে কোটি কোটি টাকা জিততে দেখেছি। আমার জীবনে অনেক স্বপ্ন আছে, তাই আমি এই বিজিত অর্থ আমার ভবিষ্যতকে উজ্জ্বল করার জন্য এবং সঞ্চয় করার জন্য ব্যবহার করব। আমি সবাইকে বিশেষত মহিলাদেরকে উৎসাহিত করব ডিয়ার সাপ্তাহিক লটারি কিনতে ও তাদের ভাগ্য পরিবর্তনের চেষ্টা করতে। কারণ কেউ জানে না ঈশ্বর কখন আমাদের আশীর্বাদ করবেন।" ডিয়ার লটারি অনেককেই বিশেষত মহিলাদেরকে কোটিপতি করে তুলছে। ডিয়ার সাপ্তাহিক লটারির প্রতিটি ড্র সরাসরি দেখা যায়।

উত্তরের খেলা

ন্যাশনালসে বিদায় সৌম্যজিতের

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : হরিয়ানার পঞ্চকুলায় আয়োজিত সিনিয়ার ন্যাশনালসে প্রি-কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিলেন সৌম্যজিৎ ঘোষ। হরিয়ানার হয়ে প্রতিযোগিতায় নেমে তিনি ১১-৯, ১০-১২, ১১-৯, ৮-১১, ৮-১১ ও ৫-১১ পয়েন্টে হেরে যান অ্যান্থনি অমলরাজের বিরুদ্ধে। দ্বিতীয় রাউন্ডে অমলরাজের কাছে হেরেই ছিটকে যান বেঙ্গল 'বি' দলের শিলিগুড়ির সৌম্যদীপ সরকার। ৪-৩ গেমে হেরে গেলেও তাঁর লড়াই দেখে বেঙ্গল 'বি' দলের কোচ সুব্রত রায় বলেছেন, 'হেরে গেলেও জীবনের সেরা ম্যাচ খেলল সৌম্যদীপ সরকার। অমলরাজের মতো অভিজ্ঞের বিরুদ্ধে দুইবার ম্যাচ পয়েন্টে পৌঁছেও ওর এই হার আগামীর সম্ভাবনা দেখিয়েছে। ৭ মার্চ থেকে ইন্দোরে জুনিয়ার ও ইয়ুথ ন্যাশনাল রয়েছে। এই পারফরমেন্স ধরে রাখতে পারলে ওখান থেকে ওর পদকের আশা করাই যায়।' এই বাইরে শিলিগুড়ির জন্য পুরো টুর্নামেন্টটাই চূড়ান্ত হতাশার। বেঙ্গল 'বি' দলের মৈনাক দাস ও জয়ব্রত ভট্টাচার্য প্রথম রাউন্ডে হেরে যান। যোগ্যতাঅর্জন পর্বে দৌড়ে শেষ করেন সৌম্যদীপ দত্ত ও অভিরূপ পালরায়। শিলিগুড়ির আরও এক প্রতিনিধি আকাশ নাথ এমসি অ্যান্ড আইটির হয়ে নেমে দ্বিতীয় রাউন্ডে বেরিয়ে যান।

খেলো ইন্ডিয়া প্রোগ্রামে মান্তু

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : নতুন দায়িত্বে মান্তু ঘোষ। ইস্ট জোন টেবিল টেনিসের জন্য খেলো ইন্ডিয়ার ট্যালেন্ট আইডেন্টিফিকেশনে জোনাল কমিটিতে নিয়ে আসা হয়েছে তাঁকে। দায়িত্ব তিনি ৬ জানুয়ারি পেয়ে গিয়েছিলেন। কিন্তু সামনে এসেছে আজ। মান্তু বলেছেন, 'কিছু টেকনিকাল কারণে সাইয়ের ই-মেল আমার কাছে পৌঁছায়নি। আজ তাঁদের তরফে আমার সঙ্গে যোগাযোগ করা হলে সেই কথা আমি জানাই। এরপর তাঁরা পুনরায় ই-মেল করেন।' কী দায়িত্ব তাঁকে নিতে হবে সেই কথাও মান্তু জানিয়েছেন। বলেন, 'আমাদের রাজ্যে তো বটেই, অরুণাচল প্রদেশ, অসম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা ও সিকিম থেকে প্রতিভাবান টেবিল টেনিস খেলোয়াড় খুঁজে বের করে নাম সুপারিশ করতে হবে। এরপরই সংশ্লিষ্ট খেলোয়াড় খেলো ইন্ডিয়ার স্টাইপেন্ড বা অন্য সুযোগ-সুবিধা পাবেন।'

ফাইনাল আজ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : সর্বভারতীয় থ্রো বল ফেডারেশনের পরিচালনায় ও শেপার্স থ্রো বল প্রিমিয়ার লিগ কমিটি ও সূর্যনগর ফ্রেন্ডস ইউনিয়নের সহযোগিতায় শেপার্স থ্রো বল প্রিমিয়ার লিগে (এসটিপিএল) ফাইনাল মঙ্গলবার অনুষ্ঠিত হবে। সোমবার পুরুষ বিভাগে সেমিফাইনালে উঠেছে গুজরাট-বিহার ও শের মারাঠা-কর্ণাটক। মহিলা বিভাগে সেমিফাইনালে উঠেছে দিল্লি-মুম্বই ও অসম-মধ্যপ্রদেশ। ফাইনালের পাশাপাশি দুই বিভাগের সেমিফাইনালও মঙ্গলবার হবে।

সোহাগ, আর্যমান

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২২ ফেব্রুয়ারি : সিএবি-র অনূর্ধ্ব-১৯ বাংলা দলের ট্রায়ালে ডাক পেয়েছে অগ্রগামী সংঘের সোহাগ পাল ও আর্যমান সিং। মহকুমা ক্রীড়া পরিষদের ক্রিকেট সচিব মনোজ ভার্মা জানিয়েছেন, ইডেন গার্ডেন্সে অনূর্ধ্ব-১৯ বাংলা দলের ট্রায়ালের জন্য সোহাগ ও আর্যমানকে ডাকা হয়েছে। সিএবি থেকে চিঠি এদিনই এসেছে। তবে ট্রায়ালের তারিখ জানানো হয়নি।

ভেরিয়েন্ট	পালসার 150 টুইন ডিস্ক	পালসার 150 সিঙ্গল ডিস্ক	প্লাটিনা 100 ES ডিস্ক	প্লাটিনা 100 ES ড্রাম	CT 110 ES
বর্তমান দাম#	~~₹1 06 540/-~~	~~₹1 02 617/-~~	~~₹64 288/-~~	~~₹60 570/-~~	~~₹54 816/-~~
অফার প্রাইস	₹1 02 540/-	₹99 617/-	₹59 288/-	₹55 570/-	₹51 816/-

72198 21111 | www.bajajauto.com | *নিয়ম ও শর্তাবলি প্রযোজ্য। অফার চলবে 22শে ফেব্রুয়ারি থেকে 28শে ফেব্রুয়ারি 2021 অবধি। পালসার 150, প্লাটিনা 100, ও CT 110-এর নির্বাচিত ভেরিয়েন্টে ডিস্কাউন্ট প্রযোজ্য। অফারটিকে বিনা বিজ্ঞপ্তিতে পরিবর্তন বা প্রত্যাহার করে নেবার অধিকার বাজাজ অটোর আছে। #এক্স-শোরুম দাম পশ্চিমবঙ্গ।

Authorised Dealers for Bajaj Auto Ltd.: Siliguri Burdwan Road SILIGURI BAJAJ: 2562062/63, 9933491111 Siliguri Sevoke Road SILIGURI BAJAJ: 8170062879 • Jalpaiguri SILIGURI BAJAJ 9800484333 • Raiganj BAJAJ WHEELS: 8967878803 • Sahapur Bajaj Wheels: 7363883674 • Malda PLANET BAJAJ: 8016077533/44 • Balurghat PLANET BAJAJ: 9933985555 • Cooch Behar BRAHMACHARI BAJAJ: 8373050491/92/93.

সম্পাদক ঃ সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারী মঞ্জুশ্রী তালুকদারের পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী- ৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস ঃ ৭ ওল্ড কোর্ট হাউস স্ট্রিট, কলকাতা-৭০০০০১, ফোন ঃ ২২৪৩-৫৬৬৩, ২২১০-১৮২০/১২০১, ফ্যাক্স ঃ ০৩৩-২২৪৩-৫৬১৮, ২৪১৯২৩৫৮। জলপাইগুড়ি অফিস ঃ থানামোড়, জলপাইগুড়ি- ৭৩৫১০১, ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস ঃ সিলভার জুবিলি রোড, কোচবিহার- ৭৩৬১০১, ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস ঃ এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট, আলিপুরদুয়ার-৭৩৬১২২, ফোন ঃ ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস ঃ মিউনিসিপ্যাল মার্কেট কমপ্লেক্স, তৃতীয় তল, সরযূপ্রসাদ রোড, নেতাজি মোড়, মালদা- ৭৩২১০১, হোয়াটসঅ্যাপ ঃ ৮৫৮৪৮৮৩২৫৯, ফোন ঃ ০৩৫১২-২২১৬৯৩ (সংবাদ), ৯৮০০৫৮৫৯৫০ (বিজ্ঞাপন ও অফিস), ফ্যাক্স ঃ ২২১৬৯৪। শিলিগুড়ি ফোন ঃ সম্পাদক ও প্রকাশক ঃ ২৪৩৬২৫১, জেনারেল ম্যানেজার ঃ ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন ঃ ২৫২৪৭২২, সার্কুলেশন ঃ ২৫২৬৬৩৫, অফিস ঃ ২৫২৯৬৬১, ২৫২৬৯৯৯ ও ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ ঃ ৭৮৭২৯৩৩৮৮৮, রিপোর্টিং ঃ ২৫২০০০৩, হোয়াটসঅ্যাপ ঃ ৯৭৩৫৭৩৯৬৭৭। ফ্যাক্স ঃ ০৩৫৩-২৪৩৪৪৪৫/২৫২৯৬৬০।
Registration No. RN/35012/80 and Postal Reg. No. WB/NBSR/D-03/2003-08, E. Mail : uttarbanga@hotmail.com uttarbanga@yahoo.com uttarmail2014@gmail.com uttarbanga@indiatimes.com Website : http://www.uttarbangasambad.in